**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 14.06.2024** **Time: 7.50 P.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে বিরোধী দলনেতাকে নতুন করে আবেদন করতে হবে বলে হাইকোর্ট জানিয়েছে।

রাজ্যে সাংবিধানিক অধিকার বিপন্ন বলে মন্তব্য করেছেন, রাজ্যপাল সি ভি আনন্দ বোস।

২) রাজ্যের চারটি বিধানসভা আসনের উপনির্বাচনে তৃণমূল কংগ্রেস সবকটিতেই এবং বামফ্রন্ট তিনটি আসনে দলীয় প্রার্থীদের নাম ঘোষণা করেছে। মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ শুরু হয়েছে আজ থেকে।

৩) আগামী চার পাঁচ দিনের মধ্যে দক্ষিণবঙ্গে বর্ষা ঢুকবে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর।

লাগাতার বৃষ্টিতে ধসের জেরে সিকিমে আটকে রয়েছেন ১২০০ পর্যটক।

৪) কসবার অ্যাক্রোপলিস মলে লাগা আগুন পুরোপুরি নিভেছে।

-------------------------------------------------------------------------------

রাজ্যে ভোট পরবর্তী হিংসায় 'আক্রান্ত'দের নিয়ে রাজ্যপালের সঙ্গে দেখা করতে চাইলে নতুন করে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে আবেদন করতে হবে। রাজভবন অনুমতি দিলে, তবে সেখানে যাওয়া যাবে। আজ

একথা জানিয়েছেন কলকাতা হাই কোর্টের বিচারপতি অমৃতা সিনহা। রাজভবনে কত জন লোক যাবেন, কতগুলি গাড়ি থাকবে, সেই সংখ্যা জানাতে হবে পুলিশকে। গতকাল ভোট পরবর্তী হিংসায় আক্রান্তদের নিয়ে রাজভবনে গেলে পুলিশ তাঁদের সেখানে ঢুকতে বাধা দিয়েছে বলে অভিযোগ পুলিশের ওই পদক্ষেপের বিরুদ্ধে হাই কোর্টের দ্বারস্থ হন বিরোধী দলনেতা। আগামী ছ'সপ্তাহ পরে এই মামলার শুনানি।

---------------------

রাজ্যে ভোট পরবর্তী হিংসার ঘটনায় ক্ষুব্ধ রাজ্যপাল সি ভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রীকে চিঠি দিচ্ছেন। তিনি আজ কলকাতার মাহেশ্বরি ভবনে ভোট পরবর্তী হিংসায় ঘরছাড়া কয়েকটি পরিবারের সঙ্গে দেখা করেন। পরে রাজভবনে এক সাংবাদিক বৈঠকে সাম্প্রতিক ঘটনা প্রবাহ এবং আক্রান্তদের নিয়ে গতকাল তার সঙ্গে দেখা করতে আসা বিরোধী দলনেতাকে রাজভবনে ঢুকতে না দেওয়ার ব্যাপারে তীব্র ক্ষোভ প্রকাশ করেন।

বাইট

রাজ্যপাল বলেন, তিনি কাউকে রাজভবনে ডাকলে তাঁকে আটকানোর ক্ষমতা কারো নেই। তিনি সরকারের কাছে রিপোর্ট তলব করলে সরকার তার জবাব দিতে বাধ্য। অথচ গতকাল তিনি মুখ্যসচিব ও স্বরাষ্ট্র সচিবের কাছে রিপোর্ট তলব করলেও এখনো জবাব পাননি। রাজ্য সরকার এভাবে সংবিধান লঙ্ঘন করলে তার ফল ভুগতে হবে হবে বলে রাজ্যপাল হুঁশিয়ারি দিয়েছেন।

---------------------

কোচবিহারে বিজেপি পরিচালিত আরো একটি গ্রাম পঞ্চায়েতে তালা ঝোলাল তৃণমূল কংগ্রেস। মাথাভাঙা ২ নম্বর ব্লকের লতাপোতা গ্রাম পঞ্চায়েতের অফিসে প্রধানের ঘরে তালা ঝুলিয়ে দেওয়া হয়। শাসক দলের দাবি, বিজেপির প্রধান দুর্নীতি ও স্বজনপোষনে লিপ্ত। তাই তাঁর পদত্যাগের দাবিতেই এই পদক্ষেপ।

নাটাবাড়ি ১ নম্বর গ্রাম পঞ্চায়েত দপ্তরে প্রধানের ঘরেও তালা ঝোলানো হয়েছে। তৃণমূল কংগ্রেসের দাবি, প্রধান কাজ করছেন না।
অন্যদিকে বিজেপির অভিযোগ, গায়ের জোরে পঞ্চায়েতের দখল নিতে চাইছে তৃণমূল কংগ্রেস।

---------------------

উত্তরবঙ্গের শহর এলাকায় দলের ভোট কমায় উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ ঐ সব এলাকার জন্য বরাদ্দ বন্ধ করে দেওয়ার যে কথা বলেছেন, শিলিগুড়ির বিজেপি বিধায়ক শঙ্কর ঘোষ, তার কড়া সমালোচনা করেছেন। আজ সাংবাদিকদের কাছে শঙ্কর বাবু বলেন, রাজনৈতিক সন্ত্রাসের পর তৃণমূল কংগ্রেস অর্থনৈতিক সন্ত্রাসও করেছে। একজন মন্ত্রী ভোটের ফলাফলের প্রেক্ষিতে এরকম কথা বলতে পারেন কিনা, তা নিয়েও তিনি প্রশ্ন তুলেছেন।

---------------------

নদীয়ার তেহট্টের কানাইনগর পঞ্চায়েতের বিনোদ নগরে তৃণমূল কংগ্রেসের দুই গোষ্ঠীর সংঘর্ষে এক পঞ্চায়েত সদস্য সহ দুজন গুরুতর জখম হয়েছেন। গত পঞ্চায়েত নির্বাচনে নির্দল প্রার্থী হিসাবে জয় পাওয়ার পর লতিফ শেখ, তৃণমূল কংগ্রেসে যোগ দেন। আজ সকালে অপর গোষ্ঠীর লোকেরা তাকে ধারালো অস্ত্র

দিয়ে কোপায় বলে অভিযোগ। এই ঘটনায় লতিফ ও তার সঙ্গী হাবিবুল শেখ গুরুতর জখম হয়েছেন। তাদের তেহট্ট মহকুমা হাসপাতালে নিয়ে যাওয়া হয়। পরে অবস্থার অবনতি হওয়ায় লতিফ শেখকে শক্তিনগর জেলা হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে।

----------------------

তৃণমূল কংগ্রেস, রাজ্যের চারটি বিধানসভা কেন্দ্রের উপ নির্বাচনে প্রার্থীদের নাম ঘোষণা করেছে।

কলকাতার মানিকতলায় প্রার্থী হিসেবে প্রয়াত বিধায়ক ও মন্ত্রী সাধন পান্ডের স্ত্রী সুপ্তি পান্ডের নাম আগেই শোনা গিয়েছিল। বাকি তিনটি কেন্দ্রের মধ্যে নতুন মুখ, রাজ্যসভার সাংসদ মমতাবালা ঠাকুরের মেয়ে মধুপর্ণা ঠাকুর। বাগদা কেন্দ্রে তাঁকে প্রার্থী করেছে দল।

রানাঘাট দক্ষিণে এবং রায়গঞ্জ আসনে আগের বিধায়করাই প্রার্থী হয়েছেন। রায়গঞ্জে দাঁড়িয়েছেন কৃষ্ণ কল্যাণী এবং রাণাঘাট দক্ষিণে মুকুটমণি অধিকারী। বামফ্রন্টও আজ তিনটি আসনে প্রার্থীদের নাম ঘোষণা করেছে। বাগদায় প্রার্থী হচ্ছেন ফরোয়ার্ড ব্লকের গৌর বিশ্বাস, রানাঘাট দক্ষিণে প্রার্থী সিপিআইএম-এর অরিন্দম বিশ্বাস এবং মানিকতলা আসনে প্রার্থী হচ্ছেন রাজীব মজুমদার। তবে রায়গঞ্জ আসনে কোনো প্রার্থীর নাম এখনো ঘোষণা করা হয়নি।

এরাজ্যের চারটি সহ সাতটি রাজ্যের ১৩ টি বিধানসভা আসনের উপনির্বাচনের বিজ্ঞপ্তি আজই জারি হয়েছে, চলছে মনোনয়ন প্রক্রিয়া। ভোট নেওয়া হবে ১০ই জুলাই। ১৩ ই জুলাই ভোটগণনা। মনোনয়ন দাখিল করা যাবে ২১শে জুন পর্যন্ত। ২৬শে জুন প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন।

----------------------

লোকসভা নির্বাচনের ফলাফল পর্যালোচনায় আগামীকাল বৈঠকে বসছে রাজ্য বিজেপি কোর কমিটি। বৈঠকে যোগ দেবেন, কেন্দ্রীয় মন্ত্রী তথা রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। ২৪ জন সদস্যই শীর্ষ কমিটির এই বৈঠকে থাকবেন বলে মনে করা হচ্ছে।

----------------------

মোবাইলে এস এম এস পাঠিয়ে চাকরীর পরীক্ষায় প্রতারণার অভিযোগে সিআইডি কল্যাণী ও ধুবুলিয়া থেকে দুজনকে গ্রেপ্তার করেছে। খাদ্য ও সরবরাহ বিভাগের একটি চাকরীর পরীক্ষায় এসএমএসের মাধ্যমে উত্তর পাঠিয়ে প্রতারণার অভিযোগ তুলে সার্ভেপার্ক থানায় একটি মামলা দায়ের করা হয়েছিল। হাইকোর্ট এই মামলার তদন্তভার সিআইডিকে দেয়। তদন্তে নেমে CID গতরাতে নদিয়া জেলার কল্যাণী থেকে শংকর বিশ্বাস এবং ধুবুলিয়া থেকে পাপাই দাসকে গ্রেপ্তার করেছে। ধৃত শংকর বিশ্বাস প্রিন্সিপাল অ্যাকাউন্টেট জেনারেলের সিজিও কমপ্লেক্স দপ্তরে সিনিয়র অডিটরের কাজ করে এবং এই চক্রের মূল পান্ডা বলে জানা গেছে। ১১টি মোবাইল ফোন এবং নানা ব্যাঙ্কের পাশবই উদ্ধার হয়েছে। ধৃতদেরকে হেপাজতে চেয়ে আজ আলিপুর আদালতে তোলা হচ্ছে।

----------------------

তৃণমূল কংগ্রেস বিধায়ক অভিনেতা সোহম চক্রবর্তীর বিরুদ্ধে নিউটাউনের এক রেস্তোঁরা মালিককে মারধোরের অভিযোগের তদন্ত, বিধাননগর পুলিশ কমিশনারেটের গোয়েন্দা বিভাগ'ই চালাবে বলে কলকাতা হাইকোর্টের বিচারপতি অমৃতা সিন্হা নির্দেশ দিয়েছেন। ACP-র নেতৃত্বে এই তদন্তের অগ্রগতি সম্পর্কে

জানাতে হবে আদালতকে। তথ্য প্রমাণ'ও সংরক্ষিত রাখতে হবে। মামলাকারী রেস্তোরা মালিকের নিরাপত্তার বিষয়টিও  পুলিশকে নিশ্চিত করতে বলেছেন বিচারপতি সিনহা। চৌঠা জুলাই মামলার পরবর্তী শুনানি।

উল্লেখ্য, অভিযোগ নিতে টালবাহানা ও পরে পুলিশী নিষ্ক্রীয়তা এবং লাগাতার  হুমকির অভিযোগে হাইকোর্টের দ্বারস্থ হন আনিসুল আলম নামে ওই রেস্তোঁরা  মালিক। সোহমের হাতে তাঁর নিগৃহীত হবার ঘটনা, সি সি ক্যামেরায় ধরা পড়ে।

এই মামলার প্রেক্ষিতে সোহম গতকাল বারাসাত আদালতে আত্মসমর্পণ করে আগাম জামিন নেন।

প্রবল বৃষ্টি অন্যদিকে তিস্তার জল ঢুকে পড়ায় প্লাবিত মালবাজার মহকুমার ক্রান্তি ব্লকের বেশ কিছু  এলাকা। বাঁধের উপর আশ্রয় নিয়েছেন শতাধিক মানুষ। প্রশাসনের দেওয়া ত্রিপলেই ভরসা তাদের। ত্রাণ নিয়ে ক্ষোভ মানুষের মধ্যে। বৃহস্পতিবার শুকনো খাবার পেলেও আজ এখনও পযর্ন্ত কোনো খাবার পাননি বলে অভিযোগ।

আমাদের জলপাইগুড়ির সংবাদদাতা জানাচ্ছেন,

প্রতিবেদন

----------------------

লাগাতার বৃষ্টিতে ধসের জেরে বিপর্যস্ত উত্তর সিকিম। লাচুং এর সঙ্গে গোটা রাজ্যেরই যোগাযোগ বিচ্ছিন্ন । রাজ্য সরকার জানিয়েছে, বিপর্যয়ের জেরে সিকিমে এখনও ১২০০ পর্যটক আটকে রয়েছেন। জেলা প্রশাসন সূত্রে খবর, মঙ্গন ও চুংথাংয়ের সংযোগকারী বেইলি সেতুটি ভেঙে গিয়েছে। ধসের জেরে বহু রাস্তা বন্ধ। সড়কপথেও কী ভাবে পর্যটকদের উদ্ধার করা সম্ভব, তা-ও দেখা

হচ্ছে। সিকিমের পরিস্থিতির জেরে বিপর্যস্ত ১০ নম্বর জাতীয় সড়ক। এই পরিস্থিতিতে পর্যটকের যাতায়াতের জন্য বিকল্প পথ বলে দিয়েছে কালিম্পঙের জেলা প্রশাসন। জানানো হয়েছে, ছোট গাড়ি আপাতত মানসং-১৭ মাইল-আলগাড়া-লাভা-গরুবাথান হয়ে শিলিগুড়ি যাতায়াত করতে পারবে। তুলনামূলক বড় এবং ভারী গাড়িগুলি পেডং-আলগাড়া-লাভা-গরুবাথান হয়ে শিলিগুড়ি পৌঁছতে পারবে। পাশাপাশি কালিম্পং থেকে দার্জিলিং যাওয়ার জন্য ২৭ মাইল থেকে তিস্তা ভ্যালি হয়ে পৌঁছনো যাবে বলে জানিয়েছে প্রশাসন।

---------------------

কসবার অ্যাক্রোপলিস মলে লাগা আগুন নিভেছে। আজ বেলা ১২ টা নাগাদ মলের চার তলার ফুড কোর্টে আগুন লাগে। কালো ধোঁয়ায় ভরে যায় গোটা মল। দ্রুত বের করে আনা হয় সবাইকে। দমকলের ১৫টি গাড়ি ঘটনাস্থলে যায়। নিয়ে আসা হয় হাইড্রলিক ল্যাডার। দমকল মন্ত্রী সুজিত বসু ঘটনাস্থলে যান। আগুন লাগার কারণ তদন্ত করে দেখা হবে বলে তিনি জানান। ফোরেনসিক টিমকে খবর দেওয়া হয়েছে বলেও জানান দমকল মন্ত্রী।

---------------------

বিজেপি কলকাতার বিভিন্ন বহুতল আবাসন ও বাজারে অগ্নি নির্বাপন ব্যবস্থা খতিয়ে দেখতে অভিযান চালাবে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন, বিজেপি পরিষদীয় দলের সদস্যরা কয়েকটি দলে ভাগ হয়ে শহরের বহুতল আবাসন ও বাজারগুলিতে অগ্নি নির্বাপন ব্যবস্থা ও পর্যাপ্ত জলের ব্যবস্থা সঠিক আছে কিনা এবং প্রতিবছর ফায়ার অডিট হয় কিনা তা খতিয়ে দেখবে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই অভিযানের

সূচনা করবেন। শ্রী ভট্টাচার্য অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেসের অনিয়ন্ত্রিত শাসন ব্যবস্থার কারণে শহরের বিভিন্ন এলাকায় নিয়ম বহির্ভূতভাবে বহুতল আবাসন গড়ে উঠেছে। শহরে প্রায় প্রতিদিনই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটছে। তিনি এবিষয়ে দমকল মন্ত্রীর বিবৃতি দাবি করেছেন।

----------------------

মালদার কালিয়াচকে এক শিশুর শরীরে বার্ড ফ্লু-র ভাইরাস মেলার প্রেক্ষিতে রাজ্য স্বাস্থ্য অধিকর্তা দীপঙ্কর মাঝির নেতৃত্বে তিনজনের একটি প্রতিনিধি দল আজ কালিয়াচক এক নম্বর ব্লকের সিলামপুর গ্রামীণ হাসপাতালে যান। ব্লক স্বাস্থ্য আধাকারিকদের সঙ্গে দীর্ঘক্ষণ বৈঠক করেন তারা। এরপর প্রতিনিধি দলটি কালিয়াচকে ঐ শিশুটির বাড়িতে যায়, কথা বলেন পরিবারের সঙ্গে। স্বাস্থ্য অধিকর্তা, মানুষকে আতঙ্কিত না হওয়ার অনুরোধ করেন। তবে রাজ্য সরকার বা প্রশাসন কেউই সেভাবে তাদের পাশে দাঁড়ায়নি বলে অভিযোগ পরিবারটির।

----------------------

সিভিল সার্ভিস প্রিলিমিনারি পরীক্ষার্থীদের সুবিধার্থে পূর্ব রেল আগামী রবিবার অতিরিক্ত ট্রেন চালাবে।

মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন, হাওড়া ডিভিশনে সকাল সাতটা থেকে সন্ধ্যে ৬'টা পর্যন্ত চলবে অতিরিক্ত EMU লোকাল।

(বাইট- রেল কৌশিক ১-৪০)

ঐ দিন মোট্রে রেল ব্লু লাইনে অতিরিক্ত ট্রেন চালাবে। মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র একথা জানিয়ে বলেন, ওই দিন অন্যান্য

রবিবার এর মত মোট ১৩০ টি র পরিবর্তে আপ ও ডাউন মিলিয়ে মোট ১৩৮ টি ট্রেন চালানো হবে। প্রথম পরিষেবার সময় ঘন্টা দুয়েক এগিয়ে আনা হলেও শেষ পরিষেবার ক্ষেত্রে সময় সূচি অপরিবর্তিত থাকবে বলে মেট্রো রেল সূত্রের খবর।

---------------------- ---------------------